

কামিলে ভর্তির সুযোগ পাচ্ছে না ২৮০১ জন শিক্ষার্থী

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

মাদ্রাসা শিক্ষাবোর্ডের অধীনে ২০০৮ সালে ফাযিল পরীক্ষার পাস করেও কামিলে ভর্তির সুযোগ পাচ্ছে না ২৮০১ জন শিক্ষার্থী। ফলে অনাকারিত্ব ছাত্রজীবন শেষ হওয়ার আশঙ্কায় চরম হতাশা দেখা দিয়েছে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের মাঝে। তারা অধিলেখে বিশ্ববিদ্যালয়ে অথবা কামিলে ভর্তির সুযোগ দেয়ার জন্য ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি ও মাদ্রাসা বোর্ড চেয়ারম্যানের কাছে দাবি জানিয়েছেন।

শিক্ষার্থীরা জানান, ২০০৬ সালে ঢাকায় উচ্চশিক্ষার মানদণ্ডের সরকারি সিদ্ধান্তের অংশ হিসাবে ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃক ২০০৬ ও ০৭ সালে ফাযিল পাস করা শিক্ষার্থীদের ৩০০ নম্বরের বিশেষ পরীক্ষা গ্রহণ করে এবং কামিল শ্রেণীতে ভর্তির ব্যবস্থা করে। কিন্তু ২০০৮ সালে মাদ্রাসা বোর্ডের অধীনে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে যারা ফাযিল পরীক্ষার পাস করেছে তাদের কামিলে ভর্তির ব্যাপারে কোন পদক্ষেপ নেয়নি ইসলামী বিশ্ববিদ্যালয় এবং মাদ্রাসা বোর্ড। ফলে পাস করার ৬ মাস পরও অনিচ্ছিত পিজাজীবন নিয়ে হতাশায় রয়েছে ২৮০১ শিক্ষার্থী।

মাদ্রাসা বোর্ড সূত্র জানায়, আইন অনুযায়ী ২০০৬ ও ০৭ সালের নিয়মিত পরীক্ষায় যারা ফাযিল পাস করেছে তাদেরকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে বিশেষ পরীক্ষা নিয়ে উচ্চশিক্ষার মান প্রদান ও কামিল শ্রেণীতে ভর্তির সুযোগ দেয়া হয়েছে। কিন্তু ২০০৮ সালে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে যারা ফাযিল পাস করেছে তাদের ব্যাপারে আইনে কিছু না থাকায় এ উচ্চশিক্ষা সৃষ্টি হয়েছে।